সুখে আছি, সুখে আছি  সখা, আপন মনে ।
কিছু  চেয়ো না, দূরে যেয়ো না,
শুধু  চেয়ে দেখো, শুধু ঘিরে থাকো কাছাকাছি ।
সখা, নয়নে শুধু জানাবে প্রেম,  নীরবে দিবে প্রাণ,
রচিয়া ললিতমধুর বাণী   আড়ালে গাবে গান ।
গোপনে তুলিয়া কুসুম গাঁথিয়া  রেখে যাবে মালাগাছি ।
মন  চেয়ো না, শুধু চেয়ে থাকো, শুধু ঘিরে থাকো কাছাকাছি ॥
মধুর জীবন, মধুর রজনী,  মধুর মলয়-বায় ।
এই মাধুরীধারা বহিছে আপনি,  কেহ কিছু নাহি চায় ।
আমি  আপনার মাঝে আপনি হারা,  আপন সৌরভে সারা,
যেন  আপনার মন, আপনার প্রাণ, আপনারে সঁপিয়াছি ॥

---

Parjaay: Prem / Mayar-Khela, Taal: Dadra, Style: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail